

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৮৩

১/ বিবিধ

আরবী

خلق الله جنة عدن، وغرس أشجارها بيده، فقال لها: تكلمي، فقالت: قد أفلح  
المؤمنون  
ضعيف

أخرجه ابن عدي في " الكامل " (5/1837) من طريق العلاء بن العباس بن محمد  
الدوري: حدثنا علي بن عاصم: أنبأ حميد الطويل عن أنس بن مالك مرفوعاً به  
وقال الحاكم: صحيح الإسناد  
ورده الذهبي في " التلخيص " بقوله: " قلت: بل ضعيف  
قلت: وعلمته علي بن عاصم هذا كان سيء الحفظ كثير الخطأ، وإذا بين له لا يرجع  
عنه، ولذلك ضعفه جمهور أئمة الحديث، وكذبه ابن معين وغيره وفي ترجمته أورد  
الذهبي هذا الحديث وقال: " وهذا حديث باطل، ولقد أساء ابن عدي في إيراد هذا في  
ترجمة علي، فالعلاء متهم بالكذب  
قلت: قد تابعه العباس الدوري عند الحاكم كما سبق، فبرئت منه عهدة العلاء، وثبت  
الحمل فيه على علي، كما فعل ابن عدي  
وقد تابعه أيضاً أبو سالم المعلى بن مسلمة الرؤاسي عن علي به  
أخرجه الخطيب في " تاريخ بغداد " (10/118)  
وقد روي الحديث بلفظ آخر هو: (الاتي)

১২৮৩। আল্লাহ্ তা'আলা আদন জান্নাতকে সৃষ্টি করেন এবং তার বৃক্ষগুলো তিনি তার নিজ হাতে লাগিয়ে তাকে উদ্দেশ্য করে বলেনঃ তুমি কথা বল। তখন সে বলল মুমিনগণ অবশ্যই সফল হয়েছেন।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ইবনু আদী “আল-কামেল” গ্রন্থে (৫/১৮৩৭) 'আলা ইবনু মাসলামাহ সূত্রে, হাকিম (২/৩৯২) এবং বাইহাকী তার থেকে “আল-আসমা অসসিফাত” গ্রন্থে (২৩৩) আব্বাস ইবনু মুহাম্মাদ দূরী হতে, তিনি আলী ইবনু আসেম হতে, তিনি হুমায়েদ আতত্ববীল হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। হাকিম বলেনঃ সনদটি সহীহ।

আর হাফিয যাহাবী তার প্রতিবাদ করে “আত-তালখীস” গ্রন্থে বলেনঃ বরং সনদটি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ এর সমস্যা হচ্ছে আলী ইবনু আসেম। তিনি খুবই দুর্বল হেফযের অধিকারী ছিলেন এবং তিনি বেশী বেশী ভুলকারী। তাকে যখন স্পষ্ট করে দেয়া হতো তখন তিনি তার মত থেকে ফিরে আসতেন না। এ কারণে তাকে হাদীসের ইমামগণ দুর্বল আখ্যা দিয়েছেন। তাকে ইবনু মাদ্দিন প্রমুখ মিথ্যুক আখ্যা দিয়েছেন। তার জীবনীতেই হাফিয যাহাবী এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ এ হাদীসটি বাতিল। ইবনু আদী হাদীসটিকে বর্ণনাকারী আলীর জীবনীতে উল্লেখ করে ত্রুটি করেছেন। কারণ 'আলা মিথ্যা বর্ণনা করার দোষে দোষী (এর জীবনীতেই উল্লেখ করতে হতো)।

আমি (আলবানী) বলছিঃ হাকিমের নিকট আব্বাস দূরী বর্ণনাকারী 'আলার মুতাবায়াত করেছেন। অতএব হাদীসটি 'আলার সমস্যামুক্ত হয়ে যাচ্ছে। অবশিষ্ট থাকে শুধুমাত্র আলী ইবনু আসেমের সমস্যা যেমনটি ইবনু আদী করেছেন।

আবু সালেম মুয়াত্তা ইবনে মাসলামাহ রু'আসীও আলী থেকে বর্ণনা করার ক্ষেত্রে 'আলার মুতাবা'য়াত করেছেন। এটিকে খাতীব বাগদাদী “তারীখু বাগদাদ” গ্রন্থে (১০/১১৮) উল্লেখ করেছেন।

হাদীসটি নিম্নলিখিত ভাষাতেও বর্ণনা করা হয়েছেঃ (দেখুন পরেরটি)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72162>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন